

রৌদ্রের সাথে হাসাহাসি

আতিক রহমান

আমি রৌদ্রের সাথে হাসাহাসি করি
বৃষ্টির সাথে করি খোশ গল্প
আমি ছন্নছাড়া এক অশান্ত মানুষ
জ্যোৎস্নার সাথে মিতালী আমার সেও নয়তো অল্প।

আমি বাতাসের সাথে কানাকানি করি
ভ্রমরের সাথে করি খেলা
আমার অতৃপ্ত জীবনের তৃষণ মিটাই
সাজিয়ে ফাগুনে লাল কৃষ্ণচুড়ার মেলা।

কুমড়ার ফুল আর লাউয়ের ডগায়
আমি দেখি আমার অজানা ভবিষ্যৎ
আমার আমিকে খুঁজিয়া না পাই
জীবন চলার দুর্গম ও বন্ধুর এই পথ।

শর্ষে ক্ষেতের মৌ মৌ গন্ধে
অযাচিত ভরে উঠে আমার প্রাণ
আমার উচ্ছন্ন জীবনের আগাগোড়া
তামাশায় ভরা না হয় যেন এর অবসান।

কচুরিপানার বেগুনী-ফুলের মহাসমারোহে
উদ্বেলিত হয় আমার অতৃপ্ত এই প্রাণ
আমি - যা কিছু চাই পেয়েও হারাই
মানুষের তরে হয় যেন শেষ প্রয়াণ।

arahman546@gmail.com

প্রবহমান জীবনের কোন এক সময় সিডনি'র বউমন্ট হিলে বসে এ কবিতাটি লেখা।